26/8/2007

তারিখ ........ পৃষ্ঠা 7 কলাম 8

দৈনিক ইনকিলাব

# আদালত অবমাননা করায় ভিসি দুর্গাদাস ভট্টাচার্যকে হাইকোর্টে হাজিরের নির্দেশ

**স্টাফ রিপোর্টার** ঃ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ আদালতের আদেশ অবমাননার জন্য কনটেম্পট পিটিশন নং-৭৯/২০০১ মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি দুর্গাদাস ভট্টাচার্যকে সশরীরে হাইকোর্টে হাজির হতে নির্দেশ দিয়েছে।

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

**ভিসি দুর্গাদাস** প্রথম পৃষ্ঠার পর

গত বৃহস্পতিবার দেয়া এক নির্দেশে বিচারপতি এমএ আজিজ ও মোহাম্মদ শামসুল হুদা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি'র ওপর এক রুলনিশি জারি করেন এবং আগামী ১৬ অক্টোবর সকালে বিনা ব্যর্থতায় তাকে সশরীরে হাইকোর্টে হাজির হবার নির্দেশ দেন। একই সাথে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং উপরেজিস্ট্রার শমসের উজ্জামানকেও হাইকোর্টে হাজির হতে বলা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আমিনুল ইসলামের সাথে দুর্গাদাস ভট্টাচার্যের ব্যক্তিগত শত্রুতার কারণে জনাব ইসলামের আমলে নিয়োগপ্রাপ্ত ২৮ জন কর্মচারীকে জনাব ভট্টাচার্য ভিসি হবার পর অন্যায়ভাবে বরখাস্ত করেন। ঐ ২৮ জনকে গত বছরের ১৫ অক্টোবর হতে অদ্যাবধি কোন বেতন-ভাতাও দেয়া হয়নি এবং বিশ্ববিদ্যালয়ের কাজেও বাধাদান করা হয়েছে। এ ব্যাপারে তারা হাইকোর্টে মামলা করলে আদালত তাদের কাজে যোগদান করতে এবং বেতন-ভাতা প্রদানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়ে তাদের বরখাস্তের আদেশ কেন বেআইনী ঘোষণা করা হবে না তার কারণ দর্শাতে বলে। কিন্তু ভিসি হাইকোর্টের এই নির্দেশ অমান্য করেন এবং হাইকোর্টের উক্ত নির্দেশ স্থগিত রাখার জন্য সুপ্রীম কোর্টে আপীল করেন। কিন্তু গত ৫ আগস্ট তার আপীল আবেদন খারিজ হয়ে যায়।